৬০/

দৈনিক খবর

৫৫

তারিখ 05-MAY 1993 পৃষ্ঠা ... কলাম ...

# দাখিল পরীক্ষা আজ শুরু

# বহু ভুয়া ছাত্র অংশ নিচ্ছে

।।খবররিপোর্ট।।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আজ বুধবার থেকে অনুষ্ঠেয় দাখিল পরীক্ষায় বিপুল সংখ্যক ভুয়া ছাত্র অংশগ্রহণের প্রস্তুতি নিয়েছে। মোটা অংকের অর্থের বিনিময়ে কতিপয় মাদ্রাসার অধ্যক্ষ ও সুপারিনটেনডেন্টরা এই অপকর্মের সুযোগ করে দিয়েছেন জালিয়াতি এবং জোচ্চুরির মাধ্যমে।

দাখিল এবং এসএসসি সমমানের পরীক্ষা। দাখিল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-

৭-এর পাতা ৫ম কঃ দেখুন

## দাখিল পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

ছাত্রীরা উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি হতে পারে। এ কারণে স্কুলের শত শত ছাত্র মাদ্রাসা বোর্ডে নাম রেজিস্ট্রেশন করিয়েছে ইতিপূর্বে। বিভিন্ন মাদ্রাসা কর্তৃপক্ষ তাদেরকে এই জালিয়াতিতে সহায়তা করেছে। এসব ছাত্র কোনদিন মাদ্রাসার ধারে কাছে যায়নি। পরীক্ষাও তারা দেবে না। চুক্তি ভিত্তিতে মাদ্রাসার ছাত্ররা এদের পরিবর্তে পরীক্ষা দেবে। অনুসন্ধানে জানা গেছে, এ ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষেরও যোগসাজশ থাকে। প্রবেশপত্র থেকে আসল পরীক্ষার্থীর ফটো তুলে নিয়ে সেখানে নকল পরীক্ষার্থীর ছবি সূক্ষ্মভাবে লাগিয়ে দেয়া হয় এবং এর ওপর পরীক্ষা নিয়ন্ত্রকের জাল সীলের ছাপ দেয়া হয়। গত কয়েক বছর ধরে এ প্রবণতা চলে আসছে। এ ধরনের জালিয়াতি সবচেয়ে বেশী চট্টগ্রামের আনোয়ারা, পাঁচলাইশ এবং রাউজান কেন্দ্রে। ছাত্রদের কাছে 'নকলের দুর্গ' হিসেবে পরিচিত এসব কেন্দ্রে বহু সংখ্যক পরীক্ষার্থী রয়েছে এ ধরনের। এসব কেন্দ্রে সর্বোচ্চ কড়াকড়ি ব্যবস্থা নেয়া হলে এবং রেজিস্ট্রেশন কার্ডের সাথে প্রবেশ পত্রে মিলিয়ে দেখা হলে ভুয়া পরীক্ষার্থী ধরা পড়তে পারে। শিক্ষা প্রশাসন এবং বোর্ডের এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেয়া প্রয়োজন। সেই সঙ্গে জালিয়াতির সহযোগীদের তদন্ত করে বের করাদরকার।